

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কপিরাইট অফিস, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.copyrightoffice.gov.bd

স্মারক নং- নং-৪৩.২৯.০০০০.০০১.০৩.১৩০.১৬(অংশ-১)/৬৫২

তারিখ: ১২ ভাদ্র ১৪২৫
২৭ আগস্ট ২০১৮


নিয়োগ বিজ্ঞপ্তি

কপিরাইট অফিসের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম কপিরাইট অফিসের ওয়েবসাইট www.copyrightoffice.gov.bd এ পাওয়া যাবে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা ও প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১	কপিরাইট সহকারী পরীক্ষক স্কেল-১২৫০০-৩০২৩০/-	০১(এক) টি স্থায়ী	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতক ডিগ্রী।	ঢাকা, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, ময়মনসিংহ, ফরিদপুর, কুড়িগ্রাম, কুষ্টিয়া, নোয়াখালী, কুমিল্লা, লালমনির হাট, মাগুরা, যশোর, নরসিংদী, লক্ষ্মীপুর, পিরোজপুর, ভোলা ও পটুয়াখালী।
২	ইনডেকসার স্কেল-১১৩০০-২৭৩০০/-	০১(এক) টি স্থায়ী	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের কাজের অভিজ্ঞতাসহ লাইব্রেরি ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা।	শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটায় সকল জেলা হতে পূরণযোগ্য
৩	কম্পিউটার অপারেটর স্কেল-১১০০০-২৬৫৯০/-	০১(এক) টি অস্থায়ী	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেটধারী। Must Qualify Operator's aptitude test.	শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটায় সকল জেলা হতে পূরণযোগ্য
৪	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর স্কেল-১১০০০-২৬৫৯০/-	০১(এক) টি স্থায়ী	কোন স্বীকৃত বোর্ড হতে এইচ এস সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। প্রতি মিনিটে ইংরেজিতে ১০০ ও বাংলায় ৮০ শব্দ শর্টহ্যান্ড গ্রহণ এবং ইংরেজিতে ৩৫ ও বাংলায় ৩০ শব্দ টাইপিং-এর গতিসম্পন্ন। কম্পিউটারে ডিপ্লোমা অথবা স্নাতক/সমমান পাসসহ কম্পিউটারে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।	ঢাকা, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, ময়মনসিংহ, ফরিদপুর, কুড়িগ্রাম, কুষ্টিয়া, নোয়াখালী, কুমিল্লা, লালমনির হাট, মাগুরা, যশোর, নরসিংদী, লক্ষ্মীপুর, পিরোজপুর, ভোলা ও পটুয়াখালী।
৫	কপিরাইট পরিদর্শক স্কেল-১০২০০-২৪৬৮০/-	০১(এক) টি অস্থায়ী	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী। তবে আইন বিষয়ে স্নাতক ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার দেয়া হবে।	ঢাকা, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, ময়মনসিংহ, ফরিদপুর, কুড়িগ্রাম, কুষ্টিয়া, নোয়াখালী, কুমিল্লা, লালমনির হাট, মাগুরা, যশোর, নরসিংদী, লক্ষ্মীপুর, পিরোজপুর, ভোলা ও পটুয়াখালী।
৬	লাইব্রেরিয়ান স্কেল-১০২০০-২৪৬৮০/-	০১(এক) টি স্থায়ী	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরি ও তথ্য বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা স্নাতক ডিগ্রীসহ লাইব্রেরি ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা।	ঢাকা, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, ময়মনসিংহ, ফরিদপুর, কুড়িগ্রাম, কুষ্টিয়া, নোয়াখালী, কুমিল্লা, লালমনির হাট, মাগুরা, যশোর, নরসিংদী, লক্ষ্মীপুর, পিরোজপুর, ভোলা ও পটুয়াখালী।

শর্তাবলী

- জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্রের আলোকে নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরমের নমুনা www.copyrightoffice.gov.bd এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে। নির্ধারিত ফরম ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীদের বয়সসীমা ২৭ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর।
- মুক্তিযোদ্ধার সন্তান, মহিলা, এতিম, শারীরিক প্রতিবন্ধী, উপজাতীয় ও অন্যান্য কোটা এতদসংক্রান্ত বিদ্যমান আইন ও বিধি অনুযায়ী সংরক্ষণ এবং বয়স সীমা অনুযায়ী করা হবে।
- সংশ্লিষ্ট পদে উপযুক্ত প্রার্থী নির্বাচনের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা এবং কম্পিউটার অপারেটর এবং সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- চাকরিতে নিয়োজিত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- খামের উপর প্রার্থিত পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে বাছাই/নির্বাচনী পরীক্ষার ফি বাবদ “রেজিস্ট্রার অফ কপিরাইট এবং ডিডিও, কপিরাইট অফিস, ঢাকা” এর অনুকূলে সরকার অনুমোদিত ব্যাংক এর যে কোন শাখা হতে বর্ণিত পদের জন্য ১০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।
- আবেদনপত্র আগামী ২৭ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে কেবল ডাক/কুরিয়ার সার্ভিসযোগে রেজিস্ট্রার, কপিরাইট অফিস, জাতীয় গ্রন্থাগার ভবন (৩য় তলা), আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- উপরে ছকে প্রতিটি পদের বিপরীতে উল্লিখিত জেলাসমূহ ব্যতিরেকে অন্যান্য জেলার এবং শারীরিক প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা প্রার্থীর ক্ষেত্রে যে কোন জেলার জন্য আবেদন করতে পারবেন।
- ৩নং ক্রমিকে বর্ণিত পদ শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটায় পূরণযোগ্য।
- কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এই নিয়োগ প্রক্রিয়া আংশিক বা সম্পূর্ণ স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


(মাহবুবুর রহমান)
রেজিস্ট্রার অফ কপিরাইট
ও
সভাপতি
বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি।